দৈনিক বাংলা

তারিখ ... ২২।৪।৮৩ ...
পৃষ্ঠা ... ১ কলাম ৭ ...

071

# ঢাকায় মধ্য ফেব্রুয়ারীর ঘটনার বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ

ঢাকায় ১৯৮৩ সালের ১৪ই ১৫ই ফেব্রুয়ারীর ঘটনাবলী তদন্তের জন্যে সরকার সুপ্রীম কোর্টের আপীল বিভাগের জজ বিচারপতি জনাব শাহাবুদ্দিন আহমদকে নিয়ে একটি তদন্ত কমিশন গঠন করেছেন।

কমিশনের বিবেচ্য বিষয় হবে: (ক) ঢাকায় ১৯৮৩ সালের ১৪-১৫ই ফেব্রুয়ারীর ঘটনাবলী কি পরিস্থিতিতে উদ্ভব হয়েছে তা তদন্ত করা ও (খ) কমিশনের বিবেচনা মোতাবেক এই ঘটনার সঙ্গে সম্পর্কিত অন্য যে কোন বিষয়ে তদন্ত করা।

তদন্ত কমিশনকে তিন মাসের মধ্যে এর রিপোর্ট সরকারের কাছে পেশ করতে বলা হয়েছে। খবর তথ্য বিবরণীর।